

নং : ৫৬.০৬.০০০০.১০১.১৯.০০২.২১.৭৫৭

তারিখঃ ২৮ বৈশাখ ১৪২৯  
১১ মে ২০২২

### নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCCL) এর নিম্নবর্ণিত শূণ্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে যোগ্যতাসম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছেঃ

ক্র. নং	পদের নাম ও সংখ্যা	কোম্পানির গ্রেড, বেতন স্কেল ও ভাতাসহ মোট বেতন	বয়সসীমা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও বিশেষ যোগ্যতা
১	২	৩	৪	৫
০১	ব্যবস্থাপক (ক্লাউড ও সাইবার নিরাপত্তা) পদ সংখ্যা-১	গ্রেড-৫ টাঁঃ ৫০,০০০ - ৮৪,৪৭৫/- স্কেলে সর্বমোট মাসিক ৮৪,০০০/- টাকা।	অনূর্ধ্ব ৩৭ বছর	ক) সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে CSE/CS/IT/ECE/EECE/ সমতুল্য বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রী; খ) সরকারি/বেসরকারি প্রতিষ্ঠানে সহকারী প্রোগ্রামার/ সমপদে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের চাকুরির অভিজ্ঞতা; গ) ডাটা সেন্টার পরিচালনা সংক্রান্ত সার্টিফিকেটধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
০২	সহকারী ব্যবস্থাপক (লজিস্টিক) পদ সংখ্যা-১	গ্রেড-৭ টাঁঃ ৪০,০০০-৬৭,৫৮০/- স্কেলে সর্বমোট মাসিক ৬৭,৭০০/- টাকা।	অনূর্ধ্ব ৩২ বছর	ক) সরকার অনুমোদিত বিশ্ববিদ্যালয় থেকে Finance/ Accounting / Management/ HRM/ সমতুল্য বিষয়ে ন্যূনতম স্নাতক ডিগ্রী; খ) Procurement/Supply Chain Management/Personnel Management বিষয়ে ডিপ্লোমা ডিগ্রিধারীদের অগ্রাধিকার দেয়া হবে।

- ০১। উক্ত পদ সমূহে সরাসরি নিয়োগের ক্ষেত্রে শিক্ষা জীবনের সকল স্তরে ন্যূনতম ২য় বিভাগ/শ্রেণী/ সমমান GPA/CGPA (GPA  $\geq$  2.00 এবং CGPA 4.00 এর স্কেলে CGPA  $\geq$  2.25 এবং CGPA 5.00 এর স্কেলে CGPA  $\geq$  3.00) থাকতে হবে;
- ০২। কোন প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোন ডিগ্রীকে সমমানের বলে দাবি করলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূল কপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই উপস্থাপন করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না;
- ০৩। যদি কোন প্রার্থী বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঞ্জীকারবদ্ধ হয়ে থাকেন, সেক্ষেত্রে তিনি আবেদন যোগ্য নন;
- ০৪। সকল প্রার্থীদেরকে অনলাইনে <https://erecruitment.bcc.gov.bd> ওয়েব সাইটের মাধ্যমে আগামী ০৫.০৬.২০২২ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে (বিকাল ৫:০০ ঘটিকা) আবেদন করতে হবে;
- ০৫। প্রার্থীর বয়স নিয়োগ বিজ্ঞপ্তি জারীর তারিখ পর্যন্ত গণনা করা হবে। বয়স প্রমাণের জন্য এফিডেফিট গ্রহণযোগ্য নয়;
- ০৬। আবেদনের উক্ত পদ সমূহে প্রার্থীদেরকে ১০০০ (এক হাজার) টাকা বিকাশ/রকেট/নগদ এর মাধ্যমে আবেদন ফি পরিশোধপূর্বক অনলাইন (বিস্তারিত অনলাইন ফর্মে পাওয়া যাবে) আবেদন করতে হবে;
- ০৭। সরকারি, আধা সরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে;
- ০৮। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় যথাসময়ে BDCCCL এর ওয়েবসাইটে ([www.bdcccl.gov.bd](http://www.bdcccl.gov.bd)) প্রকাশ করা হবে;
- ০৯। মৌখিক পরীক্ষার সময় সকল মূল অথবা সাময়িক সনদ অবশ্যই দাখিল করতে হবে;
- ১০। লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;
- ১১। নিয়োগের জন্য প্রাথমিকভাবে নির্বাচিত ব্যক্তির পুলিশ ভেরিফিকেশন ও জাতীয় নিরাপত্তা ভেরিফিকেশন (প্রযোজ্য ক্ষেত্রে) সাপেক্ষে চূড়ান্ত নিয়োগ প্রদান করা হবে;
- ১২। নিয়োগলাভের পর যোগদানের তারিখ থেকে ২ (দুই) বছর শিক্ষানবিশকাল গণ্য করা হবে;
- ১৩। BDCCCL এর জনবল নিয়োগবিধি-২০২২ আলোকে এ বিজ্ঞপ্তি জারী করা হলো;
- ১৪। BDCCCL কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তি সংশোধন/বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।



কোম্পানি সচিব

বাংলাদেশ ডাটা সেন্টার কোম্পানি লিমিটেড (BDCCCL)

ফোনঃ ৫৫০০৬৪৪১ (অঃ)